ডিনের কার্যালয়
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র ভবন (১০ম তলা)
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Office of the Dean
Faculty of Engineering and Technology
Centre for Advanced Research in Sciences
Bhabon (9th Fl), University of Dhaka
Dhaka-1000, Bangladesh

স্মারক নং-ই.এন্ড টি.অনু: ৬৫০ /২০২৪

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১বঙ্গাব্দ
৪ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

## খালি আসনে ভর্তির জন্য ট্রান্সক্রিপ্ট জমা ও ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী অনলাইনে বিষয় পছন্দক্রম দিয়েছে ঐ সকল প্রার্থীদেরকে বিভিন্ন ধাপে বিভাগ ও প্রতিষ্ঠান মনোনয়ন দেওয়ার পর বিভিন্ন সমস্যার কারণে নির্ধারিত তারিখে যারা ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে পারে নাই, তাদের মধ্যে ভর্তি ইচ্ছুক প্রার্থীদেরকে নিম্নোক্ত বিভাগসমূহে আসন খালি থাকা সাপেক্ষে মেধাক্রম ও পছন্দক্রমের ভিত্তিতে মূল ট্রান্সক্রিপ্ট ডিন অফিসে জমা সাপেক্ষে ভর্তির অনুমতি প্রদান করা হবে। ভর্তি হতে আগ্রহী প্রার্থীদেরকে **আগামী ৮ ডিসেম্বর ২০২৪ তারিখ সকাল ১১:০০ টার মধ্যে (শুক্রবার ও শনিবার ব্যতীত) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোকাররম ভবন এলাকাস্থ উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র (CARS)-এর ১০ম তলায় (কক্ষ নং ৯১১) স্বশরীরে উপস্থিত হয়ে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ডিন অফিসে জমা দিতে**। উক্ত তারিখ ও সময়ের পর কোনো প্রকার আবেদন গ্রহণ করা এবং খালি আসনে ভর্তির সুযোগ দেওয়া হবে না। যে সকল প্রার্থী খালি আসনে ভর্তির অনুমতি প্রদানের জন্য ইতোমধ্যে অত্র অফিসে লিখিতভাবে আবেদন করেছে, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। আবেদনকারী প্রার্থীদেরকে নিম্নোক্ত বিভাগসমূহে ভর্তির মনোনয়ন দেওয়া হবে।

| প্রতিষ্ঠানের নাম | বিভাগসমূহের সংকেত |
|---|---|
| National Institute of Textile Engineering and Research (NITER) | NEE, NCS, NIP NTX,NFD |
| Shyamoli Textile Engg. College | SCS, SEE, STX, SFD |
| Humayun Kabir Engg. College | HCE, HCS |
| Saic Institute of Mgt. & Tech. | KCE, KCS, KEE, KME |

**উল্লেখ্য, উপরিউক্ত বিভাগসমূহের প্রতিটি বিভাগের চূড়ান্ত তালিকার সর্বশেষ মেধাক্রম-কে ভিত্তি করে আবেদনকারীদেরকে বিভাগ ও প্রতিষ্ঠান মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। প্রার্থীদের বিভাগ ও প্রতিষ্ঠান মনোনয়ন ৯ ডিসেম্বর ২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে প্রকাশ করা হবে। মনোনীত প্রার্থীদেরকে অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ অনুযায়ী ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

### ট্রান্সক্রিপ্ট জমা দেওয়ার সময় প্রার্থীদের নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে আনতে হবে:

(ক) ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।
(খ) এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
(গ) অনলাইনে পূরণকৃত প্রার্থীর প্রাথমিক আবেদনের বিস্তারিত ফরম ও শিক্ষার্থীর ভর্তিযোগ্য বিষয়সমূহের পছন্দক্রম-এর প্রিন্ট কপি (ফরমের নিচের অংশে প্রার্থীর স্বাক্ষর ও মোবাইল নম্বর লিখতে হবে)।

- সাক্ষাৎকারের সময় প্রার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহ ডিন অফিসে জমা রাখা হবে।
- মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ডিন অফিস-এ জমা দেওয়ার পূর্বে প্রার্থীদের এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টসমূহের পর্যাপ্ত সংখ্যক (কমপক্ষে ২০ কপি) ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে, যা পরবর্তিতে ভর্তি সংক্রান্ত ও অন্যান্য বিভিন্ন কাজে প্রয়োজন হবে।

### মনোনীত প্রার্থীদের ভর্তি সংক্রান্ত নির্দেশনা:

(১) খালি আসনে মনোনীত প্রার্থীদেরকে **আগামী ১০ ডিসেম্বর ২০২৪ হতে ১১ ডিসেম্বর ২০২৪ তারিখের** মধ্যে মনোনীত বিভাগ ও প্রতিষ্ঠানে স্বশরীরে উপস্থিত হয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(২) ভর্তির কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫,০০০.০০ টাকা বিশ্ববিদ্যালয়ে (https://collegeadmission.eis.du.ac.bd) লগইন করে অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে।

*চলমান পাতা-২*

Phone: 9661900, Ext. Office: 4366, Dean: 4365, Fax No. 8802-9667222, Email:deanengg@du.ac.bd, Web: www. du.ac.bd

CamScanner

ডিনের কার্যালয়
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র ভবন (১০ম তলা)
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

**Office of the Dean**
Faculty of Engineering and Technology
Centre for Advanced Research in Sciences
Bhabon (9th Fl), University of Dhaka
Dhaka-1000, Bangladesh



৫,০০০.০০ টাকা পরিশোধের পে-ইন স্লিপ-এর পিডিএফ সফটকপি ইমেইলে (**deanengg.office@du.ac.bd**) ডিন অফিসে প্রেরণ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং ক্লাশে উপস্থিত হতে হবে। উক্ত পরিশোধিত ফি-এর পে-ইন স্লিপ-এর প্রিন্ট কপি নিয়ে ভর্তির জন্য মনোনীত সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউটে জমা দিতে হবে। উপরোক্ত জমাকৃত টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নির্ধারিত ভর্তি ফি-এর সাথে সমন্বয় করে ঐ প্রতিষ্ঠানের অবশিষ্ট ভর্তি ও অন্যান্য ফি জমার মাধ্যমে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**(৩) নিম্নোক্ত কাগজপত্রাদি সঙ্গে নিয়ে প্রার্থীদের ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে প্রতিষ্ঠানে যেতে হবে:**

(ক) অনলাইনে বিশ্ববিদ্যালয়ের ভর্তির জন্য নির্ধারিত ফি পরিশোধের ডাউনলোডকৃত টাকা প্রাপ্তির রসিদ।

(খ) ডিন অফিস কর্তৃক Transcript Received সিলযুক্ত প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।

(গ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার Academic Transcripts-এর ২ (দুই) টি করে ফটোকপি।

(ঘ) এইচ.এস.সি পরীক্ষার প্রবেশপত্রের ২ (দুই) টি ফটোকপি।

(ঙ) পাসপোর্ট সাইজের ছবি ৬ (ছয়) কপি।

(চ) অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র (যেকোনো গেজেটেড অফিসার/ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/কর্মরত প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত)।

(ছ) প্রার্থীর সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক চারিত্রিক সনদ (Testimonial)।

**স্বাক্ষরিত/-**
**(অধ্যাপক ড. উপমা কবির)**
**ডিন (ভারপ্রাপ্ত)**
**ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ**
**এবং**
**কোঅর্ডিনেটর**
**প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪**
**ঢাকা বিশ্ববিদ্যালয়**

Phone: 9661900, Ext. Office: 4366, Dean: 4365, Fax No. 8802-9667222, Email:deaneng

Ask AI
CamScanner